বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৫.২৮৮.১৫.১৪৬

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৭
১০ অক্টোবর ২০২০

বিষয়: **জনাব মোঃ আবু হানিফা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক) ও (খ) প্রবিধির আওতায় যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ'-এর অভিযোগে বিভাগীয় মামলা নং-২৫০/২০২০ দায়ের।**

যেহেতু, বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এর তথ্য কেন্দ্রে কর্মরত আপনি, জনাব মোঃ আবু হানিফা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ছুটির যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে গত ১৭/০১/২০১৯ হতে ০৬/০৪/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ মাস ২০ দিন এবং ০১/১২/২০১৯ হতে ২৩/০২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ মাস ২৩ দিন, মোট ০৫ মাস ১৩ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে বিমানবন্দর ব্যবস্থাপক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এ দপ্তরকে অবহিত করেন;

যেহেতু, আপনার অনুপস্থিতির ফলে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের তথ্য কেন্দ্র পরিচালনায় মারাত্মক বিঘ্ন সৃষ্টি হয়;

যেহেতু, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি কর্তৃপক্ষের একজন কর্মকর্তা কর্তৃক প্রাথমিক তদন্তে সত্যতা পাওয়ায় আপনার বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, কৈফিয়ত তলবের জবাবে আপনি শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের কিছু ব্যক্তিবর্গের অসহযোগিতা ও সমন্বয়হীনতার কার্যক্রমের দরুন এ অভিযোগের শিকার হয়েছেন মর্মে বিষয়টি অফিস অব্যবস্থাপনা, ষড়যন্ত্রমূলক কর্মকান্ডেরই প্রতিফলনসহ অসংলগ্ন বক্তব্য প্রদান করেন, যা বিমানবন্দর ব্যবস্থাপক সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, উদ্দেশ্যমূলক ও বিব্রতকর মর্মে জানান;

যেহেতু, বিনানুমতিতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিতি, নিয়ামক কর্মকর্তার সাথে উচ্চস্বরে বাক্য বিনিময়, নিয়ামক কর্মকর্তার বিরুদ্ধে বিমানবন্দর ব্যবস্থাপকের নিকট অভিযোগ করাসহ আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক) ও (খ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ'-এর সংজ্ঞায়িত অপরাধ;

সেহেতু, আপনার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (ক) ও (খ) মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ' এর অভিযোগ আনয়ন করা হ'ল।

বর্ণিত অভিযোগ হেতু কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৪০(১)(খ)(ঈ) প্রবিধি মোতাবেক চাকুরি হতে 'বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৪৩(১)(ক) প্রবিধি মোতাবেক অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।



১১-১০-২০২০
মো: মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)


জনাব মোঃ আবু হানিফা (পিতা-মোহাম্মদ আলী), অফিস
সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, শাহ আমানত
আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৫.২৮৮.১৫.১৪৬/১(৫)

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৭ / ১০ অক্টোবর ২০২০

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২) পরিচালক (যোগাযোগ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪) বিমানবন্দর ব্যবস্থাপক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম।
৫) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ



১১-১০-২০২০
মো: মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

**অভিযোগ বিবরণী**

বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এর তথ্য কেন্দ্রে কর্মরত জনাব মোঃ আবু হানিফা, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ছুটির যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে গত ১৭/০১/২০১৯ হতে ০৬/০৪/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ মাস ২০ দিন এবং ০১/১২/২০১৯ হতে ২৩/০২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ মাস ২৩ দিন, মোট ০৫ মাস ১৩ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে বিমানবন্দর ব্যবস্থাপক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এ দপ্তরকে অবহিত করেন। তার অনুপস্থিতির ফলে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের তথ্য কেন্দ্র পরিচালনায় মারাত্মক বিঘ্ন সৃষ্টি হয়। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি কর্তৃপক্ষের একজন কর্মকর্তা কর্তৃক প্রাথমিক তদন্তে সত্যতা পাওয়ায় তার বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কৈফিয়ত তলব করা হয়। কৈফিয়ত তলবের জবাবে তিনি শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের কিছু ব্যক্তিবর্গের অসহযোগিতা ও সমন্বয়হীনতার কার্যক্রমের দরুন এ অভিযোগের শিকার হয়েছেন মর্মে বিষয়টি অফিস অব্যবস্থাপনা, ষড়যন্ত্রমূলক কর্মকান্ডেরই প্রতিফলনসহ অসংলগ্ন বক্তব্য প্রদান করেন, যা বিমানবন্দর ব্যবস্থাপক সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, উদ্দেশ্যমূলক ও বিব্রতকর মর্মে জানান। বিনানুমতিতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিতি, নিয়ামক কর্মকর্তার সাথে উচ্চস্বরে বাক্য বিনিময়, নিয়ামক কর্মকর্তার বিরুদ্ধে বিমানবন্দর ব্যবস্থাপকের নিকট অভিযোগ করাসহ তার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক) ও (খ) প্রবিধি মোতাবেক যথাক্রমে ‘দায়িত্ব পালনে অবহেলা’ ও ‘অসদাচরণ’-এর সংজ্ঞায়িত অপরাধ।